

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯২৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ জ্বরের ব্যথাকে গালি দেওয়া মাকরহ কেননা এর মাধ্যমে তার পাপসমূহ বিদুরিত হবে

ذِكْنُ كَرَاهِيَةِ سَبِّ أَلَمِ الْحُمَّى لِذَهَابِ خَطَايَاهُ بها

আরবী

2927 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعِ قَالَ: حَدَّثَنَا الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنِي جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ اللَّهِ الْحَجَّاجُ الصَّوَّافُ قَالَ: حَدَّثَنِي أَبُو الزُّبَيْرِ قَالَ: حَدَّثَنِي جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَى أُمِّ السَّائِبِ لِ أَوْ أُمِّ الْمُسَيَّبِ لِ أَوْ أُمِّ الْمُسَيَّبِ لَ وَهِي تُرَفْرِفُ فَقَالَ: (مَا لَكِ يَا أُمَّ السَّائِبِ لَ أُو يَا أُمَّ الْمُسَيَّبِ لَ تَرَفْرِفِينَ؟) قَالَتِ: الْحُمَّى لَا بَارِكَ اللَّهُ فِيهَا فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَسُبِّي الْحُمَّى فَإِنَّهَا تُذْهِبُ خَطَايَا ابْنِ آدم كما يذهب الكير خبث الحديد) خبث الحديد)

الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2927 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (715 و 1215): م.

বাংলা

২৯২৭. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার উন্মুস সায়িব অথবা রাবীর সন্দেহ তিনি বলেছেন, হে উন্মুল মুসাইয়িবের কাছে যান, এসময় তিনি কাঁপছিলেন, তখন তিনি বলেন, "হে উন্মুস সায়িব -অথবা রাবীর সন্দেহ তিনি বলেছেন, হে উন্মুল মুসাইয়িব, কী ব্যাপার তোমার? তুমি কাঁপছো?" জবাবে তিনি বলেন, "জ্বর। আল্লাহ তার মাঝে বারাকাহ না দিন।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি জ্বরকে গালি দিয়ো না। কেননা এটি আদম সন্তানের পাপসমূহ দূর করে দেয় যেভাবে হাপর লোহার ময়লাকে দূর করে।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আবী ইয়ালা: ২০৮৩; সহীহ মুসলিম: ২৫৭৫।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৭১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন